



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৮.২১১

তারিখ : ০৯-১২-২০১৮ খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৩ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ হতে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভুক্ত ১ম, ৩য়, ৫ম পর্ব নিয়মিত ও ৪র্থ পর্ব অকৃতকার্য বিষয় এবং ২০১০ প্রবিধানভুক্ত ৭ম পর্ব নিয়মিত ও ৪র্থ, ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৮ সুষ্ঠুভাবে ও সুন্দর পরিবেশে গ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে :

১. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী এর পর পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হলে উক্ত পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, পর্ব, টেকনোলজি ও বিলম্বের কারণ উল্লেখ করে একটি রেজিস্টারে এন্ট্রি করে রাখতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন বোর্ডকে অবহিত করতে হবে।
২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. ট্রেজারী/থানা লকার হতে প্রতিদিনের/প্রতিশিফটের প্রশ্নপত্র কেন্দ্রে আনায়নের জন্য অবশ্যই দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বোর্ড প্রতিনিধি (ট্যাগ অফিসার) এবং কর্তব্যরত পুলিশ ফোর্স সংগে থাকতে হবে।
৪. প্রশ্নপত্রের সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জেলা প্রশাসন এবং প্রয়োজনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেটকোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বোর্ড প্রতিনিধির (ট্যাগ অফিসার) প্রত্যায়নসহ পুলিশের উপস্থিতিতে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
৫. পরীক্ষা চলাকালীন সময়ে ও এর আগে-পরে (পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে) পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ সময় পরীক্ষা কেন্দ্রে প্রবেশকৃত অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. অনিবার্য কারণে কোন পরীক্ষা বিলম্বে শুরু হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথারীতি প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় দিতে হবে।
৭. পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে তল্লাশী করার মাধ্যমে নিশ্চিত হতে হবে যে, তার নিকট অননুমোদিত কোন সামগ্রী (মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস/কাগজপত্র ইত্যাদি) নেই।

উল্লিখিত নির্দেশনাবলী ছাড়াও পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন- ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৮.২১১(১০)

তারিখ : ০৯-১২-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
৭. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।
৮. অধ্যক্ষ/পরিচালক, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।
৯. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোন : ০২-৯১১৮৭৭৬